
স্মারক নং: ববি/ইইস/একা/২০২৬/০৯ জুন ০৪, ২০২৬

Teachers' Assessment এবং পরীক্ষার প্রবেশপত্র সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, স্প্রিং-২০২৬ সেশনের ফাইনাল পরীক্ষা আগামী ১১ জুন, ২০২৬ তারিখ থেকে শুরু হবে। পরীক্ষার রুটিন বিভাগীয় ওয়েবসাইট এবং ফেসবুক পেজ-এ প্রকাশ করা হয়েছে।

প্রত্যেক শিক্ষার্থীকে আগামী ০৭/০৬/২০২৬ তারিখ থেকে ০৮/০৬/২০২৬ তারিখের মধ্যে নিজ নিজ স্টুডেন্ট প্যানেলের মাধ্যমে Teachers' Assessment প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী Teachers' Assessment প্রক্রিয়া সম্পন্ন না করলে শিক্ষার্থী তাদের ফাইনাল পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে না এবং প্রবেশপত্র ব্যতীত কোন শিক্ষার্থী স্প্রিং-২০২৬ সেশনের ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। সুতরাং পরীক্ষার পূর্বেই শিক্ষার্থীদের বর্তমান সেমিস্টারের টিউশন ফি পরিশোধ এবং Teachers' Assessment প্রক্রিয়া সম্পন্ন করে প্রবেশপত্র সংগ্রহ করার নির্দেশ প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে, শিক্ষার্থীকে প্রতিটি পরীক্ষায় অবশ্যই প্রবেশপত্রের প্রিন্ট কপি প্রদর্শন করতে হবে অন্যথায় সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা।

উক্ত বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে শিক্ষার্থীদের নির্দিষ্ট সময়ে Teachers' Assessment প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য যে, Teachers' Assessment প্রক্রিয়া সম্পন্ন করার পর শিক্ষার্থীরা নিজ নিজ স্টুডেন্ট প্যানেল থেকে ফাইনাল পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে।



(প্রফেসর ড. মো. হারুন-অর-রশীদ)
কো-অর্ডিনেটর
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ
বরেন্দ্র বিশ্ববিদ্যালয়,রাজশাহী।